

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-জনসংযোগ/

তারিখ: ১৯/৫/২০১৬ খ্রি:

বিষয় : শ্রেষ্ঠ দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যদের মাঝে পুরস্কার বিতরণ ।

আজ সকালে দুর্নীতি দমন কমিশনের উদ্যোগে ঢাকাস্থ শিল্পকলা একাডেমীর জাতীয় নাট্যশালা মিলনায়তনে ঢাকা, সিলেট ও ময়মনসিংহ বিভাগের শ্রেষ্ঠ দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যদের মাঝে কমিশনের পক্ষ থেকে পুরস্কার বিতরণ করা হয় ।

দুর্নীতি দমন কমিশনের মাননীয় চেয়ারম্যান ইকবাল মাহমুদ এর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান বলেন, দুর্নীতি প্রতিরোধ কমিটির কার্যক্রমের মাধ্যমে তৃণমূল পর্যায়ে মূল্যবোধ সৃষ্টির জন্য সচেতনতা সৃষ্টি হচ্ছে। মূল্যবোধ ও দেশপ্রেম দিয়ে যদি দুর্নীতি প্রতিরোধ করা যায় তবে সেটা অধিকতর কার্যকর হবে। তিনি বলেন দুর্নীতি দমনের কার্যক্রমে যারা জড়িত আছেন, তাদের উচ্চ নৈতিকতা ও মূল্যবোধ থাকলে কমিশনের প্রতি জনগণের আস্থা অটুট থাকবে।

বিশেষ অতিথির বক্তব্যে কমিশনের কমিশনার এ, এফ, এম, আমিনুল ইসলাম বলেন, কমিশন দৃঢ় ও কঠোরতার সাথে দুর্নীতি প্রতিরোধ কমিটিসহ সকল স্তরের আলোকিত মানুষদের সাথে নিয়ে দুর্নীতিমুক্ত দেশ গঠনে ভূমিকা রাখবে। তিনি উল্লেখ করেন, দুর্নীতি দমন কমিশনের ভিতরে যদি কোনো দুর্নীতিবাজ থাকে তবে তাকেও রেহাই দেওয়া হবে না।

সভাপতির বক্তব্যে কমিশনের মাননীয় চেয়ারম্যান ইকবাল মাহমুদ বলেন আমরা যেটা বিশ্বাস করি সেটা বলি-না, যেটা বলি সেটা বিশ্বাস করি-না-এখানেই দুর্নীতির অন্তর্নিহিত কারণ রয়ে গেছে। তিনি বলেন আমরা কেন দুর্নীতির বিরুদ্ধে সংগ্রাম করবো ?

এ প্রসঙ্গে তিনি বলেন, আমার জন্য, আগামী প্রজন্মের জন্য ও আমার দেশের জন্য দুর্নীতির বিরুদ্ধে আমাকে সংগ্রাম করতেই হবে। তিনি আরও বলেন দেশ আছে, এদেশ অনন্তকাল টিকে থাকবে তাই দেশের আপামর জনগণ, সরকার, প্রতিটি মানুষকে ঐক্যবদ্ধভাবে সংগ্রাম করতে হবে যাতে দুর্নীতি না হয়। সকলকে দুর্নীতি প্রতিরোধে সচেতন হতে হবে।

তিনি বলেন দুর্নীতি দমন কমিশন জেল-জুলুম চালিয়ে কারো সাজানো সংসার ছিন্ন-বিচ্ছিন্ন করতে চায় না, তাই আমরা দুর্নীতি প্রতিরোধ করতে চাই। ভয় দিয়ে জয় করা যায় না। আমি কখনও দুদকের সাথে সুন্দরবনের বাঘ বা অন্য কোনো প্রাণীর তুলনা করিনা। দুদক রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, জনগণের প্রতিষ্ঠান এ প্রতিষ্ঠানটি হবে জনগণের আস্থাস্থল। তবে অসং দুর্নীতিবাজদের জন্য এটি ভয়ের প্রতিষ্ঠান হওয়া অস্বাভাবিক কিছু নয়।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কমিশনের সচিব আবু মো: মোস্তফা কামাল, মহাপরিচালক ড. শামসুল আরেফিন এবং ঢাকা, সিলেট ও ময়মনসিংহ বিভাগের বিভিন্ন জেলা/উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক প্রমুখ।

অনুষ্ঠানে শ্রেষ্ঠ জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি হিসেবে নরসিংদী, ময়মনসিংহ ও সিলেট জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যদের এবং শ্রেষ্ঠ উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির হিসেবে রাজের, সাভার, সোনারগাঁও, গফরগাঁও, মুন্সিগঞ্জ, সরিষাবাড়ি, জুড়ী, ছাতক ও আজমিরিগঞ্জ উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যদের মাঝে পুরস্কার হিসেবে ক্রেস্ট বিতরণ করা হয়। মোট ১১৭ জন এ পুরস্কার গ্রহণ করেন।



(প্রণব কুমার ভট্টাচার্য্য)

উপপরিচালক

ও

জনসংযোগ কর্মকর্তা
দুর্নীতি দমন কমিশন।